জকিগঞ্জ উপজেলা পরিষদ

সিলেট।

**উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট এর জানুয়ারি/১৭ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব ইকবাল আহমদ তাপাদার

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট ।

সভার তারিখ ও মসয় : ১২/০১/২০১৭ খ্রি: দুপুর১২.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট ।

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব ইকবাল আহমদ তাপাদার উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষ/২০১৭ সনের শুভেচ্ছা ~~জানিয়েছে~~ জানিয়ে সভার কাজ শুরু করেন । সভার শুরুতেইজকিগঞ্জ ২৯/১২/২০১৬ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে নিম্নবর্ণিত সংশোধন সাপেক্ষে বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় :

সংশোধনী : (ক) বিবিধ আলোচনায় ০১ নং বারহাল ইউপির বক্তব্যে এবং শরিফাবাদ মাদরাসার পাশের ডাইক ঝুঁকিপূর্ণ হওয়ায় তা মেরামত করার জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করার পরিবর্তে পানি উন্নয়ন বোর্ডের ঠিকাদারকে অনুরোধ করা সংক্রান্ত বক্তব্য।

(খ) ০৬ নং সুলতানপুর ইউপি চেয়ারম্যান এর বক্তব্যে৭১ নং শিমুলতলা গুয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় এর বিল্ডিং ঝুঁকিপূর্ণ হওয়ায় তা মেরামত/সংস্কার করার পরিবর্তে ঐ বিদ্যালয়ে একটি নতুন ভবন নির্মানের প্রস্তাব।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ------------- | -------------- |
| ০২ | প: প: বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ----------------- | ------------- |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ------------------ | ---------------- |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ------------------ | ---------------- |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ------------------ | ---------------- |
| ০৬ | মহিলা বিষয়ক অফিস | তিনি বলেন ২০১৭-২০১৮ চক্রে জকিগঞ্জ উপজেলার ০৯ টি ইউনিয়ন হতে নির্বাচিত ১২৫০ জন ভাতা ভোগীর নামের তালিকা পাওয়া গিয়েছে। সকল ভাতা ভোগীর আবেদন পত্র এবং তার সাথে তিন কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপিসহ শীঘ্রই সংশ্লিষ্ট কার্যালয়ে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরো বলেন বিভিন্ন ইউনিয়ন হতে অনেকে এসে চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরিত অনেক তথ্য তৎক্ষনাত প্রদানের অনুরোধ জানান। যা কতটুকু সঠিক বোধগম্য নয় । এব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার বলেন যদি কেউ তথ্য অধিকার আইনে আবেদন করে থাকেন তাহলে নিয়ম অনুযায়ী তা প্রদান করা যেতে পারে নতুবা নয়। | ০৯ টি ইউনিয়নের ১২৫০ জন ভাতা ভোগীদের আবেদন পত্র ও তার সাথে ০৩ কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি মহিলা বিষয়ক অফিসে জমা প্রদানের ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ------------------ | --------------- |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ---------------- | ------------- |
| ০৯ | প্রাণী সম্পদ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ---------------- | ------------- |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ---------------- | ------------- |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন বক্তব্য উপস্থাপন করেননি। | ---------------- | ------------- |
| ১২ | কাস্টম বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | | ------------- |
| ১৩ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার বলেন অদ্য ১২/০১/২০১৭ পর্যন্ত এডিপি বিভাজনের কোন তথ্য পাওয়া যায় নি। এতে কোন ব্যর্থতা থাকলে উপজেলা প্রকৌশলীর উপর বর্তাবে মর্মে তিনি জানান । উপজেলা প্রকৌশলী বলেন বারবার সকল ইউপি চেয়ারম্যানদের এডিপি সংক্রান্ত স্কীম জমা দেয়ার কথা বললেও না দেয়ায় এডিপি বিভাজনে বিলম্ব হচ্ছে। ইউপি চেয়ারম্যানগণের পক্ষে ৪,৭ ও ৮ নং ইউপি চেয়ারম্যানগণ বলেন এব্যাপারে এলজিইডি অফিস হতে কোন পত্র দেয়া হয়নি। শীঘ্রই স্কীমসমূহ দাখিল করা হবে। | ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপি বিভাজনের জন্য শীঘ্রই সকল ইউপি চেয়ারম্যান কর্তৃক উপজেলা প্রকৌশলী বরাবরে স্কীম দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সকল ইউপি চেয়ারম্যান |
| ১৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ---------------- | ------------- |
| ১৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন বক্তব্য উপস্থাপন করেননি। | ---------------- | ------------- |
| ১৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ০৩ কাজলসার ইউপির চৌধুরী বাজার সংলগ্ন এলাকায় ০১ টি মৎস্য অভয়াশ্রম রয়েছে । উক্ত অভয়াশ্রম থাকায় মা মাছেরা সঠিক ভাবে প্রজনন এবং বংশ বিস্তার করায় অত্র উপজেলাবাসীর সারা বছর মাছের চাহিদা পূরণ হয়েছে। কিন্তু কিছুদিন যাবত কয়েক জন দুস্কৃতিকারী অভয়াশ্রমের পাহাড়াদারদেরকে বিভিন্ন ভাবে ভয় ভীতি প্রদর্শন করছে এবং কোন কোন ক্ষেত্রে অভয়াশ্রম হতে চুরি করে মাছ নিয়ে যাচ্ছে। তাছাড়া এসকল দুস্কৃতিকারীরা এক ধরনের ঔষধ পানিতে ছিটিয়ে দেয়ায় মাছ মরে পানিতে ভেসে যাচ্ছে । ফলে মাছের উৎপাদন বিঘ্নিত হচ্ছে। এজন্য তিনি দুস্কৃতিকারীরা যাতে এসকল কার্যক্রম না করতে পারে সে জন্য তিনি জকিগঞ্জ থানার পুলিশি টহল পাটিকে মৎস্য অভয়াশ্রম এলাকা তাদের দৃষ্টি গোচরে রাখার অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানাকে অনুরোধ জানান। | দুস্কৃতিকারীগণ কর্তৃক মৎস্য অভয়াশ্রম এলাকায় কোন ধরনের বাঁধা না করার ব্যাপারে পুলিশি টহল পাটিকে মৎস্য অভয়াশ্রম এলাকা তাদের দৃষ্টি গোচরে রাখার জন্য অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয় । | অফিসার ইনচার্জ জকিগঞ্জ থানা ও উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১৭ | পানি উন্নয়ন | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় | ---------------- | ------------- |

| | | | | |
|---|---|---|---|---|
| | বোর্ড | কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | | |
| ১৮ | পরিসংখ্যান বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | --------------- | -------------- |
| ১৯ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | | ------------ |
| ২০ | বন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ------------------ | -------------- |
| ২১ | বিবিধ | ক।০৪ নং খলাছড়া ইউপি চেয়ারম্যান বলেন, জকিগঞ্জ উপজেলার স্বনামধন্য উপজেলা নির্বাহী অফিসার বদলীর আদেশাধীন রয়েছে। সম্ভবত দুই এক দিনের মধ্যে অবমুক্ত হয়ে তিনি অন্যত্র চলে যাবেন। উনি স্বল্প কয়েক দিনের মধ্যে জকিগঞ্জ উপজেলায় একটি বড় ধরনের পরিবর্তন আনতে পেরেছিলেন। উনি যেখানেই যান তাঁর পরিবারবর্গকে নিয়ে সুখে শান্তিতে বসবাস করুন এই দোয়া কামনা করছি। তাঁর বক্তব্যের সাথে অন্যান্য ইউপি চেয়ারম্যানগণ একমত পোষণ করেন। পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন কুশিয়ারা নদীর যেসকল ভাঙ্গন স্থলে পাথরের ব্লক ফেলা হয় তা সঠিক ভাবে ফেলা হয় না। ফলে বর্ষা মৌসুমে ব্লকের উপরে পলি মাটি বসে পড়ে এবং শুকনো মৌসুমে পলি মাটির সাথে ব্লক নিচের দিকে সরে যায়। এতে ভাঙ্গন স্থল ঝুকিপূর্ণ হয়ে পড়ে। এজন্য শুকনো মৌসুমে ব্লকের উপর হতে পলি সরিয়ে আলাদা কোথাও রাখা হলে ব্লক সরে যাবে না এবং উক্ত পলি মালি রাস্তার বিভিন্ন কাজে ব্যবহার করা যাবে। তাই ব্লকের উপর হতে পলি মাটি সরিয়ে নেয়ার সময় যাতে বিজিবি বাঁধা না দেয় এব্যাপারে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন গত ৪/৫ দিন আগে ঈদগাহ বাজার এলাকা থেকে ০১ জন অপরিচিত মহিলাকে ঘুরাঘুরি করতে দেখায় জনগণ থানায় খবর পৌছালে মহিলা পুলিশের মাধ্যমে অপরিচিত এই মহিলাকে উদ্ধার করায় তিনি অফিসার ইনচার্জকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন আগামী ৩০ জানুয়ারি ২০১৭ জামেয়া ইসলামিয়া মোহাম্মদিয়া লামারগ্রাম মাদরাসার বার্ষিক জলসা। এটি পূর্ব সিলেট এর সর্ববৃহৎ ওয়াজ মাহফিল। এউপলক্ষে দেশ বিদেশের লাখ মুসল্লির সমাগম ঘটে। তাই মাহফিল স্থলে আইন শৃংখলার যাতে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | ক। বিজিবি সদস্যদের আলোচনাক্রমে প্রয়োজনে শুকনো মৌসুকে ব্লক পাথরের উপর বসে থাকা বালু/পলি মাটি সরিয়ে নিয়ে অন্যত্র রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আগামী ৩০ জানুয়ারি ২০১৭ জামেয়া ইসলামিয় মোহাম্মদিয়া লামারগ্রাম মাদরাসার ওয়াজ মাহফিলে ব্যাপক জনসমাগম ঘটবে বিধায় শ্রান্তি শৃংখলা রক্ষার জন্য প্রতি বছরের ন্যায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পানি উন্নয়ন বোর্ড ও অফিসার ইনচার্জ |
| | | খ। ০৭ নং বারঠাকুরী ইউপি চেয়ারম্যান বলেন, সোনারসার স্টেশন বাজারের নামে জনৈক আব্দুস | খ) বিধি সম্মত হলে সোনাসার স্টেশন বাজার আগামী ১৪২৪ বাংলা সন হতে | খ) উপজেলা শিক্ষা অফিসার |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>ছাত্তার মইন ০৮ শতক ভূমি দান করায় উনাকে ধন্যবাদ জানান এবং অদ্যকার সভায় এব্যাপারে একটি ধন্যবাদ প্রস্তাব গ্রহণের অনুরোধ জানান । তিনি আগামী ১৪২৪ বাংলা সন হতে উক্ত বাজার ইজারার আওতাভূক্ত করে ইজারা প্রদানের অনুরোধ জানান। তিনি আরো বলেন বর্তমান শিক্ষা ব্যবস্থা সি ও ডি ক্যাটগরির ফলাফল খুবই নাজুক যা বলার অপেক্ষা রাখে না। তিনি বলেন তার বাড়ীর পাশ্ববর্তী স্কুলসহ উপজেলার যে সকল স্কুলের ফলাফল খারাপ হয়েছে তা ভালর দিকে নিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । তিনি আরো বলেন দেশের বিভিন্ন অঞ্চল হতে ব্যবসায়িরা এসে জকিগঞ্জ উপজেলার বিভিন্ন বাজার হতে সুপারি ক্রয়করে দেশের আনাচে কানাচে নিয়ে যান । কিন্তু বিবাড়ীয়া এলাকায় বিজিবি কর্তৃক সুপারি গুলো ভারতীয়মর্মে আটকিয়ে ব্যবসায়িকদের হয়রানি করে । এজন্য এসকল ব্যবসায়িরা সুপারি ক্রয় করছেনা । ফলে এ উপজেলায় কৃষকদের ২য় প্রধান ফসল সুপারি ভাল মূল্যে বিক্রয় করতে পারেছেনা বিধায় ক্ষতিগ্রস্থ হচ্ছেন। বিষয়টি সুরাহা করার জন্য জেলার সভায় উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বক্তব্য প্রদানের অনুরোধ জানান। তিনি গ্রামীন রাস্তা গুলো দীর্ঘ দিন হতে সংস্কার না হওয়ায় নষ্ট হয়ে পড়েছে বিধায় জরুরী ভিত্তিতে এলজিইডি অফিসের মাধ্যমে তা সংস্কার/নির্মাণ করার অনুরোধ জানান।</td>
<td>ক্যালেন্ডারভূক্ত করত: ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের নিমিত্তে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয় ।তাছাড়া গ্রামীন রাস্তা মেরামত/নির্মান বা সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td>গ ) ০৮নং কসকনকপুর ইউপির চেয়ারম্যান বলেন জকিগঞ্জ উপজেলার কয়েকটি ইউনিয়নের কৃষকের মধ্যে আমন মৌসুমে জলাবদ্ধতার কারণে হাহাকার বিরাজ করছে। যেমন-সুলতানপুর, বারঠাকুরী, কসকনকপুর ও মানিকপুর ইউনিয়নের বিভিন্ন এলাকায় এসমস্যা দির্ঘ দিনের। এসমস্যা সমাধানের জন্য তাল নদীর সংযোগ খালের কংশ পারাবতী ও এওলাসার মৌজার সরকারি খাস জমি চিহ্নিত করণ ও অপদখল মুক্ত করার লক্ষ্যে খাল খনন প্রক্রিয়াকে ত্বরান্বিত করা জরুরী। নিম্ন তফশীল বর্ণিত খাল খনন করা আবশ্যক।
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>মৌজার নাম</th><th>জেএল নং</th><th>দাগ নং</th></tr>
<tr><td>মানিকপুর</td><td>কংশপারাবর্তী</td><td>৮৩</td><td>৯৪৯,৯৬৫</td></tr>
<tr><td></td><td>এওলাসার</td><td>৬৬<br>সিট নং-৩</td><td>২৭৭৯,৩৭৪৫, ৩৭৬৮,৩৭৯৬, ৩৭৯৮, ৩৮৩৭, ৩৯১৭,৩৯৩১, ৪০১৩,৪০১৪, ৪০২৩,৪০৫১,</td></tr>
</table>
</td>
<td>গ)তফশীল ভূক্ত ০১ নং খাস খতিয়ানভূক্ত ভূমি অপদখলমুক্ত করত: জলবদ্ধতা নিরসনে খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>গ) সহকারী কমিশনার (ভূমি)।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | | ৪০৫৩,৪২৭৮,<br>৪২৮০,৪২৮৬,<br>৪২৮৮। |
| ঐ | ঐ | সিট নং-<br>০২ | ২৬৬২,২৬৮৩,<br>২৭২১,২৭৬০,<br>২৭৭৭। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি বলেন উপরে বর্ণিত তফশীল ভূক্ত খালের সরকারি খাস জমি চিহ্নিত ও অপদখলমুক্ত করে খাল খনন করলে বর্ণিত চারটি ইউনিয়নের প্রায় ১ (এক) লক্ষ জনগণের আবাদি জমি জলা বদ্ধাতা মুক্ত হয়ে ফসলী জমিতে পরিনত হবে।এতে সমগ্র উপজেলার কৃষিপন্য উৎপাদন দ্বিগুন বেড়ে যাবে। পাশাপাশি মাছের উৎপাদনও কয়েকগুন বেড়ে যাবে। এজন্য খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | | |
| | | ঘ) ০৯ নং ইউপির চেয়ারম্যান বলেন, হরাইত্রিলোচন নামক স্থানের ডাইক ভেঙ্গে নদী গর্ভে চলে গেছে যাহা বিগত সভায় অবগত করা হলেও পানি উন্নয়ন বোর্ড কর্তৃক কোন ব্যবস্থা নেয়া হয়নি। নতুন করে আকাশ মল্লিক ও বাল্লাহ নামক স্থানের ডাইক ভেঙ্গে যাচ্ছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো বলেন বর্তমানে প্রাথমিক বিদ্যালয় সমূহে নৈশ প্রহরী রয়েছে। কিন্তু তার পরেও মাঝে মধ্যে বিদ্যালয়ে বিভিন্ন ধরনের চুরি সংগঠিত হয়। এতে বুঝাযায় নৈশ প্রহরীরা তাদের দায়িত্ব পালন করছেন না। তাই এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ঘ) সুরমা নদীর বিভিন্ন ভাঙ্গন স্থলে শীঘ্রই প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ করার জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ের নৈশ প্রহরীগণ যাতে সঠিক ভাবে দায়িত্ব পালন করেন সেজন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। অন্যথায় তাদের আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | ঘ) পানি উন্নয়ন বোর্ড<br>উপজেলা শিক্ষা অফিসার |
| | | ঙ) অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানা বলেন, অত্র উপজেলায় নতুন যোগদান করেছি। সকলের সাথে ভাল ভাবে পরিচিত হয় নি। ২/৩ জন ইউপি চেয়ারম্যান এর সাথে আলাপ আলোচনা হয়েছে। আজকের সভায় সকলের সাথে পরিচিত হয়ে ভাল লাগছে। তিনি বলেন মাদক পাচারকারী/সেবনকারী, ইভটিজিংকারী এবং যারা শান্তি শৃংখলায় বিঘ্ন ঘটায় তাদের ব্যাপারে সতর্ক থাকতে হবে। তাছাড়া সিলেট জেলা বাল্য বিবাহ মুক্ত ঘোষনা করা হয়েছে বিধায় এ উপজেলায় যাতে বাল্য বিবাহ না হয় সেবিষয়েও সকলের সতর্ক থাকতে হবে। সর্বপরি তিনি সব ধরনের কার্যক্রমে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন। | ---------------- | |
| | | চ) মহিলা ভাইস-চেয়ারম্যান নারী উন্নয়ন ফোরামের নির্ধারিত অর্থ এডিপি বা অন্যান্য খাত আলাদা ভাবে | চ) নারী উন্নয়ন ফোরামের নির্ধারিত অর্থ এডিপি বা অন্যান্য খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চ)উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাখার জন্য তিনি অনুরোধ জানান।<br>ছ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ প্রস্তুতকৃত বাজেট যা উদ্ধর্তন দপ্তরে প্রেরণ করা হয়েছে তাতে অনেক ভুল রয়েছে। উক্ত বাজেট উপজেলা চেয়ারম্যান কার্যালয়ের সিএ প্রস্তুত করে থাকেন। প্রেরিত বাজেটে যেসকল ভুল রয়েছে তা সংশোধন করত: তা পুনরায় প্রেরণ করা আবশ্যক। তিনি জকিগঞ্জ পৌরসভার পৌরকর পরিশোধ সংক্রান্ত বিষয়ে সভাকে অবহিত করেন যে, বিগত ০৪/০১/২০১৭ তারিখে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে জনাব মো: এ বি এম আরশাদ হোসেন, অতিরিক্ত সচিব কর্তৃক জকিগঞ্জ উপজেলা পরিষদ কার্যালয় এবং জকিগঞ্জ পৌরসভা পরিদর্শন কালে উপজেলা পরিষদ জকিগঞ্জ কর্তৃক পৌরসভার সৃষ্টিলগ্ন ১৯৯৯ সন হতে বর্তমান সন পর্যন্ত বকেয়া পৌরকর বাবদ ৩০,৬৩,৩৬৬/- (ত্রিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত ছেষট্টি) টাকা পরিশোধ না করার বিষয়টি অবগত হলে অতি জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ জকিগঞ্জ, সিলেট কে তা পরিশোধের নির্দেশনা প্রদান করেন এবং জকিগঞ্জ পৌরসভার সম্মানীত মেয়র ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এর মধ্যে পৌরকর পরিশোধ সংক্রান্ত একটি সমঝোতা স্বাক্ষর সম্পাদন করেন। উক্ত সমঝোতা পত্রে অতিরিক্ত সচিব জনাব মো: এ বি এম আরশাদ হোসেন , উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট জনাব দেবজিৎ সিংহ এবং নিম্নস্বাক্ষরকারী অবগতিমর্মে স্বাক্ষর রয়েছে। এ বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান বলেন দীর্ঘ দিন হতে উপজেলা পরিষদের নিকট জকিগঞ্জ পৌরসভার পৌরকর বকেয়া রয়েছে যা অবগত রয়েছি। দেশের চলমান আইন অনুযায়ী যে কোন ধরণের কর অগ্রাধিকার ভিত্তিতে পরিশোধ করা আবশ্যক এবং মাননীয় অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক নির্দেশনার ভিত্তিতে উল্লেখিত ৩০,৬৩,৩৬৬/- (ত্রিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত ছেষট্টি) টাকা পৌরকর জরুরী ভিত্তিতে পরিশোধ করা আবশ্যক।<br>এবিষয়ে ০১ বারহাল, ০৩ নং কাজলসার, ০৪ নং খলাছড়া, ০৬ নং সুলতানপুর, ০৭ নং বারঠাকুরী, ০৮ নং কসকনকপুর এবং ০৯ নং মানিকপুর অংশ নিয়ে বলেন, পৌরকর পরিশোধের ব্যাপারে আমাদের কোন আপত্তি নেই। তবে যেহেতু উপজেলা পরিষদের আওতাভূক্ত এলাকায় জকিগঞ্জ পৌরসভার দাপ্তরিক কাজকর্ম চলমান রয়েছে সেহেতু পৌরকর এবং উপজেলা পরিষদের পক্ষ হতে পৌরসভার নিকট পরিষদের ভবন/কক্ষ ভাড়া সংক্রান্ত জটিলতা | ছ) সংশোধন করত: বাজেটের কপি উর্দ্ধতন দপ্তরে পুনরায় প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>তাছাড়া জকিগঞ্জ পৌরসভা কর্তৃক ধার্যকৃত বকেয় পৌরকর বাবদ সর্বমোট ৩০,৬৩,৩৬৬/- (ত্রিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত ছেষট্টি) টাকা হতে হারাহারি ভাবে বিএডিসি এর গুদাম ও কৃষি বিভাগের পিপি গুদাম এর পৌরকর কর্তন সাপেক্ষে উপজেলা পরিষদের অন্যান্য ভবনের উপর ধার্যকৃত পৌরকর (যা আসে) পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা পরিষদের ভবন/কক্ষ ভাড়া (যা আসে) আগামী ৩০ জানুয়ারি ২০১৭ তারখের মধ্যে পৌরসভার পক্ষ হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>মাহবুবুর রহমান পিতা মখলিছুর রহমান গ্রাম-সোনাপুর, বীরশ্রী, জকিগঞ্জ বরাবরে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং ০২ নং বীরশ্রী ইউপির মরহুম ইউনুছ আলী চেয়ারম্যান এর পুত্র আবু তাহের এর বরাবরে বিবিধ খাত থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ছ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিরসনের লক্ষে উপজেলা পরিষদের সভায় যে উপ-কমিটি গঠন করা হয়েছিল সেকমিটির সুপারিশের ভিত্তিতে অথবা নতুন করে বিধি মোতাবেক ভবন/কক্ষ ভাড়া নির্ধারণ পূর্বক তা পরিশোধের জন্য জকিগঞ্জ পৌরসভার মেয়র বরাবর পত্র প্রেরণের অনুরোধ জানান।<br>জকিগঞ্জ পৌরসভার মেয়র জনাব হাজী মো: খলিল উদ্দিন আলোচনায় অংশ গ্রহণ করে উপজেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, পরিষদের সকল সদস্যদের জকিগঞ্জ পৌরসভার দীর্ঘ দিনের পৌরকর পরিশোধ সংক্রান্ত জটিলতা নিরসনের নিমিত্তে তাদের ইতিবাচক বক্তব্যে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন জকিগঞ্জ পৌরসভা একটি 'গ' শ্রেণি ভূক্ত পৌরসভা। পৌরকর আদায় না করার অজুহাতে এ পৌরসভার মানউন্নীত হচ্ছে না। তাছাড়া বর্তমানে পৌরসভার ফান্ড অত্যন্ত অপ্রতুল। তাই উপজেলা পরিষদ কর্তৃক জকিগঞ্জ পৌরসভার পৌরকর পরিশোধ করা হলে একদিকে যেমন বকেয়া পৌরকর আদায় হবে অন্যদিকে তাদ্বারা পৌরসভার উন্নয়ন মূলক কর্মকান্ড করাসহ পৌরসভার মানউন্নীত হওয়ার বিষয়ে একধাপ এগিয়ে যাবে। তিনি আরো বলেন আগামী ৩০ জানুয়ারি ২০১৭ এর মধ্যে উপজেলা পরিষদের ভবন/কক্ষ ভাড়া সমঝোতার ভিত্তিতে যা নির্ধারণ করা হবে তা পরিশোধ করা হবে<br>উপজেলা নির্বাহী অফিসার আরো বলেন জকিগঞ্জ পৌরসভা কৃর্তৃক যে সকল ভবনের উপর পৌরকর ধার্য করা হয়েছে তম্মধ্যে বিএডিসিএর গুদাম, কৃষি বিভাগের পিপি গুদাম উপজেলা পরিষদে হস্তান্তর করা হয়েছে মর্মে কোন তথ্য নেই এদুটি ভবনের উপর ধার্যকৃত পৌরকর উপজেলা পরিষদের উপর বর্তায় না। তাই এদুটি ভবন ব্যতিতবাকি সকল ভবনের পৌরকর পরিশোধ করা যায় মর্মে মতামত ব্যক্ত করেন।<br>মাহবুবুর রহমান পিতা মখলিছুর রহমান গ্রাম-সোনাপুর, বীরশ্রী, জকিগঞ্জ কর্তৃক আর্থিক ভাবে সহায়তার আবেদনটি সভায় উত্থাপন করেন। ০২ নং বীরশ্রী ইউপির মরহুম ইউনুছ আলী চেয়ারম্যান এর পুত্র আবু তাহের আর্থিক সমস্যার কারণে উপজেলা পরিষদের যে কোন খাত হতে অনুদান প্রদান সংক্রান্ত আবেদনটি সভায় উত্থাপন করেন। | | |
| | | জ) সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান বলেন নদীর ভাঙ্গন স্থানে যথাযথ ভাবে ব্লক ফেলা হয় না। এতে বর্ষা মৌসুম শেষে পলি মাটির সাথে ব্লক নিচের দিকে সরে যায় এবং নতুন | জ) বিবাড়ীয়া এলাকায় বিজিবি কর্তৃক জকিগঞ্জ থেকে আমদানিকৃত সুপারি ভারতীয় সুপারি সন্ধেহ করে ব্যবসায়িকদের আটকিয়ে হয়রানি করার বিষয়ে ইতোপূর্বে | জ) উপজেলা চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করে ভাঙ্গন শুরু হয়। তাই এব্যাপারে পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলীকে সর্তক ভাবে কাজ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের ত্রুটি বিচ্যুতি এবং খারাপ ফলাফলের বিষয়ে যে সকল ইউপি চেয়ারম্যানগণ বক্তব্য প্রদান করেছেন তাদেরকে তিনি সুস্পষ্ট ভাবে লিখিত অভিযোগ করার অনুরোধ করেন। তিনি বলেন বিবাড়ীয়া এলাকায় বিজিবি কর্তৃক সুপারি আটকানোর বিষয়ে জেলা পর্যায়ের সভায় উত্থাপন করা হয়েছে। পরবর্তীতে এবিষয়ে আরো আলোচনা রাখা হবে। তিনি আরো বলেন এডিপি মূলত বিভাজন হয়েছে। ইউপি চেয়ারম্যানগণ যাতে শীঘ্রই স্কীম উপজেলা প্রকৌশলীর দপ্তরে দাখিল করেন। | জেলা পর্যায়ের সভায় আলোচনা করা হয়েছে এবং এবিষয়ে পরবর্তী জেলা সভায় পুনরায় উত্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইকবাল আহমদ তাপাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জকিগঞ্জ,সিলেট।

স্মারকনং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬-২৯(৫০)

তারিখঃ ১২/০১/১৭ খ্রিঃ

অনুলিপিসদয়অবগতিরজন্যপ্রেরণকরাহলো।

০১।জনাব আলহাজ সেলিম উদ্দিন, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।

০২।কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩।জেলা প্রশাসক, সিলেট।

০৪।পুলিশ সুপার, সিলেট।

০৫।সিভিলসার্জন/উপ-পরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর/নির্বাহী প্রকৌশলী, সওজ/এলজিইডি/জেলা প্রাণি সম্পদকর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

০৬-০৭।উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ, সিলেট।

০৮।মেয়র, জকিগঞ্জপৌরসভা, জকিগঞ্জ, সিলেট।

০৯।উপজেলা-------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট।

১০।চেয়ারম্যান ---------------------(সকল) ইউপি।

১১।জনাব---------------------------------, জকিগঞ্জ, সিলেট।

১২/০১/২০১৭
(মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট